

বিষয়: ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসভিত্তিক অপরিশোধিত তেল আমদানির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত মনিটরিং কমিটির
আগস্ট/২০২৩ মাসের প্রতিবেদন।

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ১৩.০০ লক্ষ মে.টন অপরিশোধিত জ্বালানি তেল আমদানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। তদনুযায়ী প্রতিমাসে ১.০৮৩ লক্ষ মে.টন অপরিশোধিত জ্বালানি তেল আমদানি করা প্রয়োজন। পূর্বনির্ধারিত আমদানিসূচী অনুযায়ী অপরিশোধিত জ্বালানি তেল আমদানি আগস্ট ২০২৩ মাসের দ্বিতীয় সপ্তাহে সম্পাদন হওয়ার কথা থাকলেও কারিগরি ত্রুটির কারণে ২৫/০৮/২০২৩ তারিখে জাহাজীকরণের কার্যক্রম সম্পাদিত হয়েছে। পরিবর্তিত শিডিউল অনুযায়ী সেপ্টেম্বর ২০২৩ মাসের ১ম সপ্তাহে জাহাজটি চট্টগ্রাম বন্দরে পৌঁছাবে মর্মে কমিটি অবহিত হয়।

২। অপরিশোধিত জ্বালানি তেল আমদানি কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের লক্ষ্যে গত ২২/০৮/২০২৩ তারিখ মনিটরিং কমিটির সদস্য-সচিব জনাব এস, এম, জুবায়ের হাসান, ব্যবস্থাপক (প্রশাসন), বিপিসি ইন্টার্ন রিফাইনারী লিমিটেড পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনের অংশ হিসেবে ইআরএল এর সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দের সাথেও মত বিনিময় করেন।

৩। ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী আগস্ট'২৩ মাসের অপরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা অর্জনের বিবরণ নিম্নরূপঃ
পরিমাণঃ লক্ষ মেট্রিক টন

কার্যক্রম	লক্ষ্যমাত্রা	অর্জন										সর্বমোট		
		জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারি	ফেব্রুয়ারি	মার্চ	এপ্রিল		মে	জুন
ক্রুড অয়েল আমদানি	১৩ লক্ষ মে.টন	০.৯৮	০	-	-	-	-	-	-	-	-	-	-	০.৯৮

৪। মনিটরিং কমিটির সুপারিশঃ

ক) ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অপরিশোধিত তেলের মাসিক আমদানির লক্ষ্যমাত্রা জাহাজ জাহাজীকরণের কারিগরি ত্রুটির কারণে সম্ভব হয়নি। এমতাবস্থায়, বন্দরে জাহাজ পৌঁছানোর সাপেক্ষে আগস্ট ও সেপ্টেম্বরের লক্ষ্যমাত্রার মোট অর্জন এক সাথে প্রতিবেদনে উল্লেখ করার জন্য সুপারিশ করা হলো।

খ) ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ক্রুড অয়েল মজুদ ও ইআরএল কর্তৃক ক্রুড অয়েল পরিশোধনের কার্যক্রম অব্যাহত রাখার সুপারিশ করা হলো।



চিত্র ০১: অপরিশোধিত তেল মনিটরিং কমিটির সদস্য সচিব কর্তৃক অপরিশোধিত অয়েল ডিপো পরিদর্শন।



চিত্র ০২: অপরিশোধিত তেল মনিটরিং কমিটির সদস্য সচিব কর্তৃক ইআরএল এর প্রধান স্থাপনা পরিদর্শন।

২৭-৯-২০২৩ ১৪:২৭:১৪
এস এম জুবায়ের হাসান
ব্যবস্থাপক(প্রেশসন), প্রশিক্ষণ/সাবসিডিয়ারি প্রশাসন ও কর্মী ব্যবস্থাপনা
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

২৮-৯-২০২৩ ০:১৮:৪০
মোঃ কবির উদ্দিন
সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৩-১০-২০২৩ ১২:৩৬:৩৮
মোঃ হাফিজুর রহমান টামুরী
যুগ্মসচিব, অপারেশন-১
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৪-১০-২০২৩ ৮:৫৫:৩৮
এস. এম. জাকারিয়া
উপসচিব, পরিকল্পনা-১ শাখা
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ